

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.১৬.০৩৫৪.১৩.৪৩০৭

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

বিষয়: ক্ষুরারোগ টিকা প্রদানকৃত জেলা সমূহে সার্ভিলেন্স পরিচালনা ও নমুনা সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় নির্ধারিত ৪টি জেলাতে এ যাবত ৬ বারে ১,৯৬,৯১,০৫০ মাত্রায় এফএমডি টিকা প্রয়োগ করা হয়েছে। উল্লেখ্য সর্বশেষ টিকা (৬ষ্ঠ বার) ১০/০৩/২০২৬ তারিখে প্রয়োগ শেষ হয়েছে এবং বাদ পড়া গবাদিপশুকে নির্দিষ্ট সময়সীমা পরে টিকা প্রয়োগ করার ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

২। কিন্তু টিকা প্রয়োগের পর গবাদিপশুতে (গরু, মহিষ, ছাগল ও ভেড়া) এফএমডি সংক্রমন হয়েছে এ সংক্রান্ত সার্ভিলেন্স পরিচালনা করা এবং সংক্রমন সংক্রান্ত তথ্য BAHIS এ দাখিল করা প্রয়োজন। টিকা প্রদানকৃত এলাকায় গবাদিশু ক্ষুরারোগে সংক্রমিত হলে দ্রুত নমুনা সংগ্রহ করে নিকটস্থ এফডিআইএল/ সিডিআইএল এ প্রেরণসহ নিম্নোক্ত ছকে চাহিত তথ্যাদি অধিদপ্তরের প্রাণিস্বাস্থ্য শাখায় জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

“ছক”

খামারীর নাম	ঠিকানা	আক্রান্ত গবাদিপশুর প্রজাতি (গরু/ মহিষ/ ছাগল /ভেড়া)	আক্রান্ত গবাদিপশুর লক্ষণ	আক্রান্ত গবাদিপশুর নমুনা পরীক্ষার জন্য কোন ল্যাবরেটরীতে প্রেরণ করা হয়েছে কিনা? প্রেরণ করা হলে নমুনার ধরন ও ল্যাবরেটরীর নাম সহ উল্লেখ করুন।	মন্তব্য

বিষয়টি অতীব জরুরী।



০৩-০৫-২০২৬
মোঃ শাহজাহান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
মানিকগঞ্জ/ সিরাজগঞ্জ/ পাবনা/ ভোলা।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.১৬.০৩৫৪.১৩.৪৩০৭/১ (৫)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সম্প্রসারণ, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর ঢাকা/রাজশাহী/বরিশাল।।
- ৩। সহকারী পরিচালক, এপিডেমিওলজি সেল, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৪। প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর। ইহা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



A handwritten signature in black ink, consisting of several loops and a long horizontal stroke.

০৩-০৫-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)